গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-৩ শাখা
www.mohfw.gov.bd

বিষয়ঃ "BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine"এর ৪র্থ সভা ঢাকায় আয়োজন এর লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ সিরাজুল ইসলাম সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	০৪-১০-২০১৭ খ্রিঃ
সভার সময়	:	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	:	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ (কক্ষ নং৩৩৮)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি "BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine"এর ৪র্থ সভা আয়োজনের বিষয়ে উপস্থিত সকল-কে অবহিত করেন। এ পর্যায়ে তিনি যুগ্মসচিব (পার), স্বাশিপক জনাব মোঃ শাহ আলম কে সভার কার্যক্রম উপস্হাপনের অনুরোধ করেন। যুগ্মসচিব (পার), স্বাশিপক সর্বশেষ ২০১৫ সালে থাইল্যান্ডে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্তসমূহ সম্পর্কে সকল-কে অবহিত করেন। সভাপতি বাংলাদেশে কিভাবে ৪র্থ সভাটি আয়োজন করা যায় সে বিষয়ে জানতে চাইলে থাইল্যান্ডে অনুষ্ঠিত ৩য় সভায় বাংলাদেশ হতে অংশগ্রহণকারী ডাঃ মোঃ হাসান ইমাম, সহকারী অধ্যাপক(অতি:দা:) সরকারী ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ বলেন যে, বাংলাদেশে অনুষ্ঠিতব্য "BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine" ৪র্থ সভাটি ০৩ (তিন) দিন ব্যাপী আয়োজন করা যেতে পারে। এতে BIMSTEC এর ৭টি দেশের নুন্যতম ০২ জন করে এবং Host Country হিসেবে বাংলাদেশ হতে নির্বাচিত প্রতিনিধিগন এ সভায় অংশগ্রহণ করবেন। এক্ষেত্রে অংশগ্রহণকারী দেশগুলোর নিকট প্রতিনিধি মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করা প্রয়োজন। সভায় আগত সদস্য রাষ্ট্রের অংশগ্রহণকারীগণের যাতায়াত,অবস্থান, আপ্যায়নসহ সার্বিক ব্যয় নির্বাহের বিষয়টি আয়োজক রাষ্ট্র হিসেবে বাংলাদেশ সরকার-কে বহন করতে হবে। পূর্বে অনুষ্ঠিত ৩টি সভার Host Country এ বিষয়গুলো নিশ্চিত করেছিল মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের রেজিষ্টার/ সচিব ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম অনুষ্ঠিতব্য ৪র্থ এ সভায় হোমিওপ্যাথি বোর্ডের ১ জন প্রতিনিধি-কে অন্তর্ভুক্ত করা যায় কি-না সে বিষয়ে সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি ও যুগ্মসচিব (পার), স্বাশিপক এ বিষয়ে একমত পোষণ করেন।সভাপতি হোমিওপ্যাথি বোর্ডের ১ জন প্রতিনিধি-কে অন্তর্ভুক্ত করার বিষয়ে BIMSTEC Secreteriat এর সাথে আলোচনা করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে জানান।

০২. সভায় বিস্তারিত আলোচনা শেষে ৪র্থ সভা ঢাকায় আয়োজনের লক্ষ্যে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

(ক) ঢাকায় অনুষ্ঠিত "BIMSTEC Network of National Centres of Co-Ordination in Traditional Medicine"এর ৪র্থ সভার প্রতিপাদ্য বিষয়/শিরোনাম নির্ধারণ করতে হবে;
(খ) সভার সম্ভাব্য তারিখ, ভেন্যু ও অংশগ্রহণকারীদের তালিকা প্রস্তুত করতে হবে;
(গ) সুষ্ঠুভাবে সভাটি আয়োজনের লক্ষ্যে বিভিন্ন উপ কমিটি গঠন করতে হবে;
(ঘ) সভা অনুষ্ঠানের জন্য একটি সম্ভাব্য বাজেট প্রণয়ন করতে হবে;
(ঙ) ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতিসহ বাংলাদেশের জন্য হিতকর নতুন Proposal প্রণয়ন করতে হবে।

(চ) ২ এর ক হতে ঙ পর্যন্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নিয়ে একটি কর্মসূচি/অনুষ্ঠানসূচি প্রণয়ন করতে হবে;

(ছ) পরবর্তীতে প্রণীত কর্মসূচি/অনুষ্ঠানসূচি বাস্তবায়নের লক্ষ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে পরবর্তী সভা আয়োজন করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১২/১০/১৭
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং- ৫৯.০০.০০.১১১.৯৯.২৩.২০১৭-১৪৪ তারিখঃ ৩০/১০/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
২। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও পঃ কঃও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ, বিভাগ স্বাপকম।
৪। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৫। যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৬। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
৭। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাপকম।
৮। পরিচালক(সার্ক ও বিমসটেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
৯। উপপরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা স্বাস্থ্য অধিদপ্তর, মাহাখালী, ঢাকা।
১০। অধ্যক্ষ-কাম-অধীক্ষক (ভারপ্রাপ্ত)সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৩, ঢাকা।
১১। অধ্যক্ষ-কাম-অধীক্ষক সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল মিরপুর-১৪, ঢাকা।
১২। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ঢাকা।
১৩। রেজিস্ট্রার, কাম-সেক্রেটারি বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, বাড়ি নং-১৬, রোডনং-১/এ নিকুঞ্জ-২ খিলক্ষেত, ঢাকা।
১৪। ডাঃ মোঃ হাসান ইমাম, সহকারী অধ্যাপক (অ: দা:) সরকারী ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৩, ঢাকা।
১৫। ডাঃ আ.জ.ম.দৌলত আল মামুন, সহকারী অধ্যাপক, সভাপতি স্বাধীনতা দেশজ চিকিৎসক পরিষদ (স্বাদেচিপ), সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
১৫। ডাঃ মোঃ আব্দুস সালাম, রেজিস্ট্রার, সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
১৬। ডাঃ আবু বকর সিদ্দিক ডিপিএম, এএমসিও সদস্য সচিব, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল অফিসার এসোসিয়েশন, স্বাস্থ্য অধিদপ্তর, মাহাখালী, ঢাকা।
১৭। ডাঃমোঃ আলমগীর হোসেন,সভাপতি, ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল এসোসিয়েশন, ঢাকা।
১৫। সভাপতি, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার এসোসিয়েশন, মিরপুর-১৪, ঢাকা।
১৬। সহকারী পরিচালক(এ.সি), সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
১৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ, বিভাগ স্বাপকম (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩০/১০/১৭
(ফৌজিয়াখান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৬৫৪